| HSTU Question | হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর<br>ভর্তি পরীক্ষা: ২০২৪-২০২৫<br>ইউনিট-D (শিফট-১) | সেট : ২<br>সময় : ১ ঘন্টা<br>পূর্ণমান : ১০০ |
|---|---|---|

## বাংলা-২৫

০১। **সবচেয়ে বড় দাসত্ব কোনটি?**
(ক) পরাবলম্বন (খ) বিনয়
(গ) মিথ্যা (ঘ) সংকোচ

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| ক | পরাবলম্বন অর্থ - অন্যের ওপর নির্ভর করা। 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম স্বাবলম্বী হওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি গান্ধীজির প্রসঙ্গ টেনে বলেছেন: এই স্বাবলম্বন, এই নিজের ওপর অটুট বিশ্বাস করতেই শেখাচ্ছিলেন মহাত্মা গান্ধীজি। কিন্তু আমরা তাঁর কথা বুঝলাম না, "আমি আছি" এই কথা না বলে সবাই বলতে লাগলাম "গান্ধীজি আছেন"। এই পরাবলম্বনই সবচেয়ে বড় দাসত্ব। |

০২। **উষর এর বিপরীত শব্দ কোনটি ?**
(ক) উর্বর (খ) সরল
(গ) নশ্বর (ঘ) সবকটি

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| ক | 'উষর' শব্দের অর্থ হলো অনুর্বর, শুষ্ক, ফসলহীন বা নিষ্ফলা। এর বিপরীত শব্দ হচ্ছে 'উর্বর', যার অর্থ ফলপ্রসূ, চাষযোগ্য, অর্থাৎ ফসল উৎপাদনের উপযোগী জমি। |

০৩। **'রাজপথ' এর ব্যাসবাক্য কোনটি?**
(ক) রাজার পথ (খ) রাজধানীতে যাওয়ার পথ
(গ) পথের রাজা (ঘ) রাজার জন্য পথ

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| গ | "রাজপথ" শব্দটির ব্যাসবাক্য হলো "পথের রাজা"। এটি ষষ্ঠী তৎপুরুষ সমাস। ষষ্ঠী তৎপুরুষ সমাসের ক্ষেত্রে, পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ পায় এবং পরপদের অর্থ প্রধানভাবে বোঝায়। |

০৪। **'খোয়াবনামা' কি ধরনের গ্রন্থ?**
(ক) কাব্য (খ) ছোট গল্প
(গ) উপন্যাস (ঘ) নাটক

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| গ | 'খোয়াবনামা' আখতারুজ্জামান ইলিয়াসের দ্বিতীয় এবং সর্বশেষ উপন্যাস। ১৯৯৬ সালের ফেব্রুয়ারিতে এটি সর্বপ্রথম মাওলা ব্রাদার্স থেকে প্রকাশিত হয়। |

০৫। **"ডাক্তার ডাক"- কোন কারকে কোন বিভক্তি?**
(ক) কর্মে শূন্য (খ) করণে শূন্য
(গ) কর্তায় শূন্য (ঘ) কর্মে দ্বিতীয়া

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| ক | বাক্যের মধ্যে কর্তা যাকে অবলম্বন করে ক্রিয়া সম্পন্ন করে, তাই কর্ম কারক। সহজভাবে বললে, "কাকে" বা "কী" দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই কর্ম কারক। 'ডাক্তার ডাক'- এখানে কাকে দিয়ে প্রশ্ন করলে উত্তর 'ডাক্তার' পাওয়া যায়। তাই এটি কর্ম কারক। এছাড়া যখন একটি শব্দ কারক হিসেবে বাক্যে ব্যবহৃত হয়, কিন্তু তার সাথে কোনো বিভক্তি চিহ্ন (যেমন: কে, রে, তে, র ইত্যাদি) যুক্ত থাকে না, তখন সেই শব্দটিকে শূন্য বিভক্তি হিসেবে গণ্য করা হয়। তাই 'ডাক্তার ডাক' কর্মে শূন্য বিভক্তি। |

০৬। **বেগম রোকেয়ার উপন্যাস কোনটি?**
(ক) মতিচুর (খ) সুলতানার স্বপ্ন
(গ) কালান্তর (ঘ) অবরোধবাসিনী

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| খ | বগম রোকেয়ার উপন্যাস - পদ্মরাগ, সুলতানার স্বপ্ন। প্রবন্ধ গ্রন্থ - মতিচুর, অবরোধবাসিনী (শ্রেষ্ঠ গ্রন্থ)। |

০৭। **'ডাকাবুকো' বাগধারাটির অর্থ কি?**
(ক) দুর্বল চিত্ত (খ) এলোমেলো
(গ) অসম সাহসী (ঘ) কুশ্রী

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| গ | 'ডাকাবুকো' একটি বাগধারা যা এমন ব্যক্তিকে বোঝায় যে ভয়, লাজ বা সংকোচ ছাড়াই নির্ভীকভাবে কাজ করে। অর্থাৎ, যিনি অসম সাহসী, ঝুঁকি নিতে পটু, তাকে 'ডাকাবুকো' বলা হয়। |

০৮। **কাজী নজরুল ইসলাম কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?**
(ক) ১৮৬১ (খ) ১৮৭৬
(গ) ১৮৯৯ (ঘ) ১৯০৯

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| গ | • জন্মগ্রহণ - ২৪ মে ১৮৯৯ (১১ জ্যৈষ্ঠ ১৩০৬) বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে।<br>• ডাকনাম - দুখু মিয়া।<br>• কাজী নজরুল ইসলামের সম্পাদিত পত্রিকা - ধূমকেতু। |

০৯। **'গুরু' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি?**
(ক) গুরী (খ) গুরুমা
(গ) গুরুনী (ঘ) গুর্বী

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| ঘ | বাংলা ভাষায় 'গুরু' শব্দের স্ত্রীলিঙ্গ হিসেবে 'গুর্বী ' ব্যবহৃত হয়। এটি সাধারণত সম্মানসূচক অর্থে ব্যবহার করা হয়। |

১০। **"নক্সী কাঁথার মাঠ" কোন শ্রেণীর গ্রন্থ?**
(ক) উপন্যাস (খ) নাটক
(গ) কাব্য (ঘ) ছোট গল্প

| উত্তর | **ব্যাখ্যা:** |
|---|---|
| গ | 'নক্সী কাঁথার মাঠ' কবি জসীম উদ্দীন রচিত একটি বিখ্যাত গীতিকাব্য। তার কাব্যগ্রন্থ - রাখালী, নকশী কাঁথার মাঠ, বালুচর, ধানখেত, সোজন বাদিয়ার ঘাট, হাসুকান্দে, রুপবতী, সকিনা, মাটির কান্না কান্দে, মা যে জননী, কাফনের মিছিল। |

১১। **কোনটি তৎসম উপসর্গ?**
(ক) প্র (খ) গর
(গ) বে (ঘ) লা

| উত্তর | **ব্যাখ্যা:** তৎসম উপসর্গ: (২০ টি) |
|---|---|
| ক | প্র, পরা, অপ, সম, নি, অনু, নির, দুর, বি, অব, অপি, অধি, উৎ, পরি, প্রতি, আ, সু, অভি, উপ, অতি। |

১২। **শুদ্ধ শব্দ কোনটি?**
(ক) মুহূর্ষ (খ) মুমূর্ষু
(গ) মুমূর্ষ (ঘ) মুমুষু

দীপশিখা | HSTU Question Bank

| উত্তর খ | ব্যাখ্যা: বাংলা ভাষায় 'মুমূর্ষ' শব্দটি একটি তৎসম বিশেষ্য, যা এসেছে সংস্কৃত 'মৃ' (মারা) ধাতু থেকে। |
|---|---|

**১৩। "তাহারেই পড়ে মনে" কবিতায় কবি কাকে ভুলতে পারে না?**

(ক) প্রিয়জনকে (খ) শীতের শূন্যতাকে
(গ) হারানো দিনকে (ঘ) নেয়াল হোসেনকে

| উত্তর খ | ব্যাখ্যা: কবি সুফিয়া কামাল প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক 'তাহারেই পড়ে মনে' কবিতায় ফুটিয়ে তুলেছেন। প্রকৃতির সঙ্গে মানবমনের রং বদলায়। প্রকৃতিতে বসন্ত এলে, প্রকৃতি অপরূপরূপে সজ্জিত হলে তার ঢেউ মানব মনেও এসে পড়ে। বসন্তে প্রকৃতির অপূর্ব সৌন্দর্য কবিমনে খুশির জোয়ার আনবে, কবিকে ভাবে-ছন্দে-সুরে ফুটিয়ে তুলবেন এটাই প্রত্যাশিত। কিন্তু কোনো কারণে কবির মনে বসন্তের আগমন কোনো প্রভাব ফেলেনি, বসন্ত কবির হৃদয়কে আন্দোলিত করতে পারছে না। তাঁর দৃষ্টি এখনো শীতের দিকে, শীতকে তিনি কোনোভাবেই ভুলতে পারছেন না। |
|---|---|

**১৪। সঠিক বানান কোনটি?**

(ক) মরিচিকা (খ) মরীচাকা
(গ) মরীচীকা (ঘ) মরীচিকা

উত্তর ঘ — ব্যাখ্যা: আরো কিছু শুদ্ধ বানান-

| | | | |
|---|---|---|---|
| পানিণি | পাণিনি | ব্যাকরন | ব্যাকরণ |
| প্রাণীজগত | প্রাণিজগৎ | ব্যাতিত | ব্যতীত |
| বুদ্ধিজীবি | বুদ্ধিজীবী | বিভিসিকা | বিভীষিকা |

**১৫। "হাটে হাঁড়ি ভাঙ্গা"-এর অর্থ কি?**

(ক) হাটের কাছে হাঁড়ি ভেঙ্গে দেওয়া
(খ) হাটের মধ্যে হাঁড়ি ভেঙ্গে ফেলা
(গ) কিছু হারিয়ে ফেলা
(ঘ) গোপন বিষয় প্রকাশ করা

| উত্তর ঘ | ব্যাখ্যা: "হাটে হাঁড়ি ভাঙ্গা" - অর্থ: গোপন কথা ফাঁস করা বা কেলেঙ্কারি প্রকাশ করা। উদাহরণ: "তাকে কিছুতেই রাগানো উচিত নয়, না হলে সে হাটে হাঁড়ি ভেঙে দেবে।" |
|---|---|

**১৬। চুলের সমার্থক শব্দ নয় কোনটি?**

(ক) ললিত (খ) কেশ
(গ) চিকুর (ঘ) কুন্তল

| উত্তর ক | ব্যাখ্যা: চুলের সমার্থক শব্দ - কেশ, কুন্তল, অলক, চিকুর, কেশপাশ, কেশদাম, কবরী। অন্যদিকে 'ললিত'-এর অর্থ হল সুন্দর, চারু, মনোমুগ্ধকর, এবং কমনীয়। |
|---|---|

**১৭। 'অপ' কি ধরনের উপসর্গ?**

(ক) বাংলা (খ) বিদেশী
(গ) তৎসম (ঘ) মিশ্র

| উত্তর গ | ব্যাখ্যা: তৎসম বা সংস্কৃত উপসর্গ(২০ টি) - প্র, পরা, অপ, সম, নি, অনু, নির, দুর, বি, অব, অপি, অধি, উৎ, পরি, প্রতি, আ, সু, অভি, উপ, অতি। |
|---|---|

**১৮। জহির রায়হানের জন্ম কোন জেলায়?**

(ক) ঢাকা (খ) ফেনী
(গ) বরিশাল (ঘ) মানিকগঞ্জ

| উত্তর খ | ব্যাখ্যা: জহির রায়হানের জন্ম - ১৯ আগস্ট ১৯৩৫ সালে ফেনীর মজুপুর গ্রামে। প্রকৃত নাম - মোহাম্মদ জহিরুল্লাহ। তিনি নিখোঁজ হন ৩০শে জানুয়ারি ১৯৭২ সালে। |
|---|---|

**১৯। মৃত্যুঞ্জয়ের বাগানের অর্ধেক অংশ কে নিজের বলে দাবি করত?**

(ক) খুড়া (খ) ন্যাড়া
(গ) সাপুড়ে (ঘ) ভূদের বাবু

| উত্তর ক | ব্যাখ্যা: মৃত্যুঞ্জয়ের বাগানের অর্ধেক অংশ খুড়া নিজের বলে দাবি করত। এই প্রশ্নটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিলাসী' গল্পের অংশবিশেষ থেকে নেওয়া হয়েছে। |
|---|---|

**২০। যত গর্জে তত বর্ষে না"- বাক্যে "যত তত" অব্যয়ের ব্যবহার কোন অর্থে?**

(ক) পরিণাম (খ) তুলনা
(গ) কার্যকরণ (ঘ) উপসংহার

| উত্তর খ | ব্যাখ্যা: "যত গর্জে তত বর্ষে না" বাক্যে 'যত' এবং 'তত' অব্যয় দুটি তুলনা অর্থে ব্যবহৃত হয়েছে। এই দুটি অব্যয় একে অপরের পরিপূরক হিসেবে কাজ করে এবং একটির সাথে অন্যটির সম্পর্ক স্থাপন করে একটি তুলনা বা তুলনাভিত্তিক ধারণা প্রকাশ করে। এই ধরনের অব্যয়কে সাপেক্ষ সংযোজকও বলা হয়, যেখানে একটির ওপর অন্যটি নির্ভরশীল। |
|---|---|

**২১। "অন্ধজনে দেহ আলো"- এখানে অন্ধজনে কোন কারক?**

(ক) কর্ম (খ) করণ
(গ) সম্প্রদান (ঘ) অপাদান

| উত্তর গ | ব্যাখ্যা: "অন্ধজনে দেহ আলো"- এখানে "অন্ধজনে" সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি। কারণ, এখানে স্বত্ব ত্যাগ করে অন্ধদের আলো দান করা হচ্ছে। |
|---|---|

**২২। "আমার পথ" প্রবন্ধের মূল উপজীব্য কি?**

(ক) আত্মবিশ্বাস জাগ্রত (খ) সমাজতন্ত্র
(গ) শোষণের বিরুদ্ধে প্রতিবাদ (ঘ) সাম্যবাদ

| উত্তর ক | ব্যাখ্যা: "আমার পথ" প্রবন্ধের মূল উপজীব্য হলো সত্যের পথে নির্ভীকভাবে এগিয়ে যাওয়া এবং পরনির্ভরতা বর্জন করে আত্মনির্ভরশীল হওয়া। কাজী নজরুল ইসলাম এই প্রবন্ধে নিজেকে "আমি" হিসেবে উপস্থাপন করে সত্যের পথে অবিচল থাকা এবং অন্যায়ের প্রতিবাদ করার গুরুত্ব তুলে ধরেছেন। |
|---|---|

**২৩। 'মেকি' শব্দের অর্থ কি?**

(ক) সত্য (খ) সততা
(গ) মিথ্যা (ঘ) কোনটিই নয়

| উত্তর গ | ব্যাখ্যা: 'মেকি' শব্দের অর্থ হলো নকল, জাল, কৃত্রিম বা মিথ্যা। এটি এমন কোনো জিনিস বোঝায় যা আসল নয়, বরং দেখতে আসল মনে হলেও আসলে নকল বা কৃত্রিম। |
|---|---|

**২৪। স্কুল > ইসকুল, প্রীতি > পিরিতি-এ ধরনের পরিবর্তনকে কী বলে?**

(ক) স্বরযুক্তি (খ) স্ববিচ্ছেদ
(গ) বর্ণাগম (ঘ) স্বরাগম

| উত্তর ঘ | ব্যাখ্যা: স্বরাগম হলো এমন একটি ধ্বনিগত পরিবর্তন যেখানে কোনো শব্দের শুরুতে, মাঝে বা শেষে একটি অতিরিক্ত স্বরধ্বনি যুক্ত হয়। শব্দের শুরুতে অতিরিক্ত স্বরধ্বনি যুক্ত হওয়াকে আদি স্বরাগম বলে।। যেমন, 'স্কুল' > 'ইস্কুল', 'স্টেশন' > 'ইস্টিশন'। |
|---|---|

**২৫। প্রতিদান' কবিতায় কবি পৃথিবীকে কিভাবে সুন্দর করতে চেয়েছেন?**

(ক) অনিষ্টকারীর অনিষ্ট করে (খ) অনিষ্টকারীর উপকার করে
(গ) প্রতিশোধ নিয়ে (ঘ) কোনটিই নয়

| উত্তর খ | ব্যাখ্যা: 'প্রতিদান' কবিতায় কবি জসীমউদ্দীন পৃথিবীকে সুন্দর করতে চেয়েছেন অনিষ্টকারীকে ক্ষমা করে এবং |
|---|---|

প্রতিদান হিসেবে উপকার ও ভালোবাসা দিয়েই। তিনি প্রতিশোধ ও হিংসা-বিদ্বেষের পরিবর্তে প্রেমপূর্ণ, ক্ষমাশীল এক পরিবেশ তৈরির আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন, কারণ তিনি মনে করেন ভালোবাসা দিয়ে গড়া মানুষই একটি সুন্দর পৃথিবী নির্মাণ করতে পারে।

## ইংরেজি-৫০

**01. 'e.g.' stands for -**

(A) exe grat (B) exempli grat
(C) exempli gratia (D) none

ANS C — Hints: "e.g." ল্যাটিন শব্দ exempli gratia এর সংক্ষিপ্ত রূপ। এর অর্থ "for example" বা "উদাহরণস্বরূপ"। এটি ব্যবহৃত হয় কোনো বক্তব্যের উদাহরণ দেওয়ার আগে।

**02. The synonym of 'notable' is -**

(A) Notrion (B) Ordinary
(C) Prominent (D) Nogelt

ANS C — Hints: "notable" অর্থ- উল্লেখযোগ্য, খ্যাতনামা, প্রশংসনীয়।
**Synonym**- prominent, famous, renowned, eminent, or distinguished.
**Antonym:** ordinary, insignificant.

**03. Which one of the following sentence is a simple sentence?**

(A) He is poor but honest.
(B) He is poor and honest.
(C) In spite of his poverty, he is honest.
(D) Though he is poor, he is honest.

ANS C — Hints: Though এবং Although যুক্ত Complex sentence কে simple করার সময় এদের পরিবর্তে Inspite of / Despite ব্যবহৃত হয় এবং Despite / in spite of এরপর subject - এর possessive case হয় + noun বসে অথবা verb - এর Present participle হয়।

**04. Make the sentence in passive form : Who will help you?**

(A) By whom will you be helped?
(B) By whom you will be helped?
(C) By whom will you helped?
(D) By whom would be helped?

ANS A — Hints: Passive Voice Structure: "By whom + will + subject + be + past participle?"

**05. He is cordial _____ Rahim.**

(A) with (B) at
(C) to (D) in

ANS C — Hints: Cordial to – আন্তরিক।

**06. Choose the correct spelling-**

(A) Committment (B) Commitmant
(C) Commitment (D) Committmant

ANS C — Hints: সঠিক বানান হলো commitment - যার অর্থ "অঙ্গীকার" বা "প্রতিশ্রুতি"।

**07. What is the antonym of the word 'revenge'?**

(A) Remission (B) Reprisal
(C) Veageance (D) Retribution

ANS A — Hints: Revenge অর্থ প্রতিশোধ বা প্রতিহিংসা নেওয়া। এর বিপরীতার্থক শব্দ হলো Remission, যার অর্থ ক্ষমা, দয়া বা অপরাধ ক্ষমা করা।
**Synonyms:** vengeance, retaliation, reprisal, retribution, payback
**Antonyms:** Remission, forgiveness, pardon, and mercy

**08. The meaning of 'Black sheep' is–**

(A) Illiterate person (B) Wicked man
(C) Big sheep (D) Sheep in black colour

ANS B — Hints: Black sheep - কুলাঙ্গার বা খারাপ লোক। Wicked man অর্থ দুষ্ট বা খারাপ লোক।

**09. Which one is a common noun?**

(A) Truth (B) Bank
(C) Victory (D) Length

ANS B — Hints: যে Noun দ্বারা এক জাতীয় সকল ব্যক্তি বা বস্তুর নাম বোঝায় বা জাতি নির্দেশ করে তাকে Common Noun বলে। যেমন - Cow, country, Bank etc.

**10. The meaning of 'Crying need' is–**

(A) Useful (B) Very favorite
(C) Urgent need (D) Valuable

ANS C — Hints: 'Crying need' অর্থ খুব বা অত্যন্ত প্রয়োজন।

**11. Fill in the gap: He promised that he ___ come next Monday.**

(A) will (B) should
(C) would (D) can

ANS C — Hints: Reported speech-এ promise, say, tell ইত্যাদি past tense হলে will → would হয়ে যায়। should উচিত অর্থে ব্যবহার করা হয় তাই এটি হবেনা।

**12. The plural form of 'Cactus' is–**

(A) Cactusse (B) Cacti
(C) Cactu (D) Cacty

ANS B — Hints: Cactus একটি Latin-origin শব্দ। ল্যাটিন নিয়ম অনুযায়ী -us দিয়ে শেষ হওয়া অনেক শব্দের plural হয় -i দিয়ে।

**13. Correct indirect speech of: He said to me, 'What a pity' is–**

(A) He exclaimed that it was a great pity.
(B) He exclaimed it is great pity.
(C) He exclaimed that it had a great pity.



দীপশিখা HSTU Question Bank

(D) He exclaimed that it is a great pity.

| ANS | Hints: Reported speech টি যদি exclamatory sentence এ থাকে তবে indirect speech- এ exclim with srprise/exclaim with joy/exclaim with sorrow ব্যবহার করতে হবে এবং Comma তুলে that এবং what থাকলে indirect এ a great/a very বসে। |
|---|---|
| A | |

**14. No animal is so big ____ the blue whale.**

(A) than (B) from
(C) but (D) as

| ANS | Hints: Possitive degree তে as.....as বা so.....as বসে। |
|---|---|
| D | |

**15. Choose the correct sentence.**

(A) He insisted on seeing her.
(B) He insisted for seeing her.
(C) He insisted in seeing her.
(D) He insisted to be seeing her.

| ANS | Hints: insist এর পর preposition হিসেবে on বসে এবং এরপর verb+ing হয়। |
|---|---|
| A | |

**16. I am fond of swimming. Here 'Swimming' is -**

(A) a verb (B) present participle
(C) a gerund (D) an adverb

| ANS | Hints: Gerund হলো -ing আকারের verb যা noun হিসেবে কাজ করে। এখানে swimming কাজ বোঝাচ্ছে → noun-এর মতো ব্যবহার হচ্ছে। তাই এটি gerund। |
|---|---|
| C | |

**17. Write feminine form of 'Host' -**

(A) Hosten (B) Hosts
(C) Hostess (D) Hostes

| ANS | Hints: Host (পুরুষ) → Hostess (মহিলা) অর্থ: যারা অতিথিকে স্বাগত জানায় বা আপ্যায়ন করে। |
|---|---|
| C | |

**18. Children must be ___ with love and care.**

(A) brought up (B) brought about
(C) bought for (D) bought as

| ANS | Hints: Bring up অর্থ: পালন-পোষণ করা, শিক্ষিত ও আদর্শভাবে বড় করা। |
|---|---|
| A | |

**19. Akbar <u>still</u> works in that office. The underline word is -**

(A) Adjective (B) Adverb
(C) Preposition (D) Conjunction

| ANS | Hints: Still শব্দটি verb কে modify করছে তাই এটি Adverb। |
|---|---|
| B | |

**20. The adjective of the word 'Humanity' is -**

(A) Humane (B) Homan
(C) Humen (D) Inhuman

| ANS | Hints: Humanity (নরম হৃদয়, মানবতা) এর adjective → Humane (মানবিক, দয়ালু)। |
|---|---|
| A | |

**21. Which one is superlative degree form?**

(A) Less (B) Lesser
(C) Least (D) None

| ANS | Hints: Little > Less > Least |
|---|---|
| C | |

**22. Translate into English. প্রত্যেকেই চরিত্রবান লোকদের শ্রদ্ধা করে।**

(A) Everybody respect men of character.
(B) Everybody respects men of character.
(C) Everybody respect man of character.
(D) Everybody respects man of character.

| ANS | Hints: প্রত্যেকেই চরিত্রবান লোকদের শ্রদ্ধা কওে - Everybody respects men of character. |
|---|---|
| B | |

**23. He took her ___ a spy.**

(A) with (B) like
(C) for (D) about

| ANS | Hints: Take for – মনে করা/বিবেচনা করা। |
|---|---|
| C | |

**24. The boy is <u>meritorious</u>. The underlined word is -**

(A) A noun (B) A verb
(C) An adjective (D) An adverb

| ANS | Hints: meritorious শব্দটি noun, যা The boy কে modify করছে তাই এটি adjective । |
|---|---|
| C | |

**25. Any, anyone, some, someone are -**

(A) Relative pronoun
(B) Interrogative pronoun
(C) Demonstrative pronoun
(D) Indefinite pronoun

| ANS | Hints: যেসব pronoun বিশেষ কোনো ব্যক্তি বা বস্তুকে না বুঝিয়ে অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুকে বুঝায়, তাদেরকে indefinite pronoun বলে। যেমন- all, each, every, everything, everybody, any, anyone, anything, anybody, some, something, somebody, someone, none, nobody, no one, nothing, neither etc. |
|---|---|
| D | |

**26. He has the desire ___ being a good person.**

(A) for (B) of
(C) an (D) with

| ANS | Hints: æDesire" + for + noun/gerund |
|---|---|
| A | |

**27. Choose the correct option.**

(A) Sympathy is akin for kindness.
(B) Sympathy is akin to kindness.
(C) Sympathy is akin with kindness.
(D) Sympathy is akin on kindness.

| ANS | Hints: "akin to" means "similar to" or "related to." |
|---|---|
| B | |

**28. Police inspector got a medal for his -**

(A) Honesty (B) Vigilance
(C) Intelligence (D) Insight

| ANS | Hints: vigilance সতর্কতা বা যেকোনো বিপদ সম্বন্ধে |
|---|---|

| | |
|---|---|
| B | সদাসতর্ক। সতর্ক দৃষ্টির জন্য সে পুরস্কার পেয়েছে। Honesty → সততার জন্য পদক পাওয়া যায়, কিন্তু সাধারণভাবে পুলিশ অফিসারের ক্ষেত্রে "vigilance" বেশি প্রযোজ্য। |

**29. Identify the correct form of verb: That they are honest (be) known to all.**

(A) were (B) is
(C) are (D) be

| ANS | Hints: Clause এর শুরুতে That বসলে তাকে nominal that clause বলে। Nominal that clause কোনো বাক্যের subject হলে ঐ বাক্যের verb টি অবশ্যই singular হবে। |
|---|---|
| B | |

**30. Galileo taught that the earth ___ around the sun.**

(A) revolves (B) revolved
(C) will revolving (D) has been revolving

| ANS | Hints: চিরন্তন সত্য বা অভ্যাসগত কার্য বোঝালে Reporting verb past tense হলেও indirect এ tense এর কোনো পরিবর্তন হবে না। |
|---|---|
| A | |

**31. What is the antonym of 'Xerox'?**

(A) Photocopy (B) Original
(C) Common (D) Rear

| ANS | Hints: Xerox অর্থ: নকল কপি বা প্রতিলিপি। **Synonyms:** Photocopy, Copy, Duplicate, Reproduction. **Antonyms:** Original, Prototype, Authentic, Unique. |
|---|---|
| B | |

**32. First language means ____ language.**

(A) important (B) main
(C) natural (D) official

| ANS | Hints: First language বলতে মানব শিশুর জন্মের পর যে ভাষা তার পরিবেশ ও পারিপার্শ্বিকতা থেকে শিখে তাই বোঝায়। |
|---|---|
| C | |

**33. I walked for a <u>while</u>. The underlined word is -**

(A) adverb (B) conjunction
(C) noun (D) verb

| ANS | Hints: Determiner বা Article এর পরে noun বসে। |
|---|---|
| C | |

**34. What types of conflicts take place in a person's mind?**

(A) Intrapersonal (B) Intragroup
(C) Intergroup (D) Interpersonal

| ANS | Hints: Intrapersonal - আন্তঃব্যক্তিক, স্ব-নিয়ন্ত্রণ। যে ধরনের সংঘাত বা দ্বন্দ্ব একজন ব্যক্তির নিজের মনের মধ্যে ঘটে, তাকে Intrapersonal Conflict বলে। |
|---|---|
| A | |

**35. A reward has been announced for the employees who___ hard.**

(A) has worked (B) will be work
(C) have had worked (D) have worked

| ANS | Hints: এখানে "employees who ___ hard" - বাক্যটি একটি relative clause যেখানে "employees" হচ্ছে plural subject। অতএব plural subject অনুযায়ী verb হতে হবে have worked। |
|---|---|
| D | |

**36. What is the active voice of the following sentence? - The documents should have been sent before noon.**

(A) Someone should have sent the documents before noon.
(B) Someone should send the documents before noon.
(C) Someone should be sending the documents before noon.
(D) Someone might have sent the documents before noon.

| ANS | Hints: Object বিহীন হলে Active subject হবে someone, we, everybody, Authority আর যেহেতু should have been + V3 বিধায় should have + v3 হবে। |
|---|---|
| A | |

**37. If he had studied hard, he ___ passed the exam.**

(A) will have (B) would have
(C) had (D) have

| ANS | Hints: Third conditional হবে। If যুক্ত অংশে past perfect আছে বিধায় ২য় অংশে would have + v3 হবে। |
|---|---|
| B | |

**38. "Dead letter" means -**

(A) bad letter
(B) old letter
(C) law not in force
(D) letter written by unknown person

| ANS | Hints: "Dead letter" একটি idiomatic expression, যার অর্থ- এমন আইন বা নিয়ম যা বর্তমানে কার্যকর নয় বা অপ্রয়োজনে পরিণত হয়েছে। |
|---|---|
| C | |

**39. Which of the following is a story in verse?**

(A) Elegy (B) Ballad
(C) Ode (D) Sonnet

| ANS | Hints: Ballad হলো এমন একটি poem (ছন্দে লেখা গল্প) যা কোনো কাহিনি বা ঘটনা বর্ণনা করে। সাধারণত এটি গাওয়া হয় এবং এতে প্রেম, বীরত্ব বা ট্র্যাজেডির গল্প বলা হয়। |
|---|---|
| B | |

**40. If she had gone,_____. Complete the sentence.**

(A) I would have gone too.
(B) I will go too.
(C) I will be going too.
(D) I would go too.

| ANS | Hints: এখানে "had gone" আছে, যা past perfect tense। এই গঠনটি third conditional sentence নির্দেশ করে, যা অতীতে অবাস্তব বা কাল্পনিক |
|---|---|
| A | |

দীপশিখা HSTU Question Bank

| | |
|---|---|
| | ঘটনা বোঝায়। Structure: If + past perfect, would have + past participle |

**41. The younger you are, ___ it is to learn.**
(A) the easier (B) the easy
(C) the easiest (D) easier

| ANS | Hints: বাক্যটি হলো comparative degree-এর একটি parallel structure - |
|---|---|
| A | The + comparative, the + comparative |

**42. He prefers ___ European country for spending his vacation.**
(A) the (B) an
(C) a (D) none

| ANS | Hints: কোন শব্দের প্রথম অক্ষর U or E দিয়ে শুরু হলেও উচ্চারণ যদি U or EW এর মত হয় তবে সেই শব্দের পূর্বে A বসে। |
|---|---|
| C | |

**43. Which one is an adverb?**
(A) Dirty (B) Ugly
(C) Wisely (D) Holy

| ANS | Hints: Dirty, Ugly, Holy - Adjective |
|---|---|
| C | wisely হচ্ছে Adverb এর অর্থ বিজ্ঞতার সাথে। |

**44. None of the students ___ the exam yet.**
(A) has finished (B) finish
(C) finished (D) have finished

| ANS | Hints: Cambridge dictionary এর মতে, informal speaking এর ক্ষেত্রে লোকজন অনেক সময় none of এর পরে plural verb ব্যবহার করে। তবে, formal English এ 'none of' subject হলে singular verb ব্যবহার করা হয়। ইংরেজি গ্রামারের ক্ষেত্রে formal নিয়মকে অধিক গুরুত্ব দেওয়া বাঞ্জনীয়। অতএব, এখানে has অধিক যুক্তিপূর্ণ। |
|---|---|
| A | |

**45. He is my brother. Here, 'my' is an -**
(A) Noun (B) Pronoun
(C) Adjective (D) Conjunction

| ANS | Hints: এখানে 'my' শব্দটি 'brother' নামক noun-কে বিশেষিত করছে (কাকে বোঝানো হচ্ছে তা নির্দিষ্ট করছে)। এটি Possessive Adjective (অধিকারবাচক বিশেষণ), কারণ এটি মালিকানা বা সম্পর্ক বোঝাচ্ছে। |
|---|---|
| C | |

**46. Choose the correct articles for the blanks of the following sentence: She adopted ___ orphan and gave him ___ new life.**
(A) a, a (B) an, a
(C) an, the (D) a, the

| ANS | Hints: Orphan যা vowel আছে তাই an হবে এবং |
|---|---|
| B | ২য় অংশে consonant new তাই a new হবে। |

**47. People use spoons, forks and knives, if ___, and hardly any utensils.**
(A) mandatory (B) necessary
(C) really (D) finally

| ANS | Hints: Necessary অর্থ প্রয়োজনীয়। বাক্যে আবশ্যকীয় অর্থে প্রকাশ করছে তাই হবে mandatory বাধ্যতামূলক। |
|---|---|
| B | |

**48. What is the closest opponent of 'wetlands'?**
(A) Swamps (B) Marshy lands
(C) Boggy lands (D) Desert

| ANS | Hints: Wetland অর্থ- জলাভূমি, এর synonym- swamps, marshy lands, boggy lands, অন্যদিকে, Desert অর্থ-মরুভূমি। |
|---|---|
| D | |

**49. 'Love', 'courage' and 'childhood' are examples of -**
(A) proper noun (B) abstract noun
(C) countable noun (D) common noun

| ANS | Hints: যেসব noun কোন ব্যক্তি, বস্তু, স্থান সম্পর্কে এমন কিছু ধারণা, অনুভূতি বা বৈশিষ্ট্যকে নির্দেশ করে যা ইন্দ্রিয়গ্রাহ্য নয় তাদেরকে Abstract Noun বলা হয়ে থাকে। যেমন: love, courage, childhood, boyhood, kindness |
|---|---|
| B | |

**50. The plural of 'goose' is -**
(A) gooses (B) goosed
(C) geese (D) geeses

| ANS | Hints: "Goose" (হাঁস) শব্দটির Irregular Plural হলো "Geese". ইংরেজিতে কিছু বিশেষ noun-এর plural form সম্পূর্ণভাবে বদলে যায়, যা সাধারণ নিয়ম (s/es যোগ করা) (যেমন: cat → cats, box → boxes), মেনে চলে না।<br>Irregular Plurals:<br>- Goose → Geese, Tooth → Teeth,<br>- Mouse → Mice, Child → Children. |
|---|---|
| C | |

## সাধারণ জ্ঞান-২৫

**০১। বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন?**
(ক) শশাঙ্ক (খ) মুর্শিদ কুলি খান
(গ) সিরাজউদদৌলা (ঘ) ঈসা খান

| উত্তর | ব্যাখ্যা: নবাব মুর্শিদকুলি খান:<br>- ১৭০০ সালে বাংলায় আসেন মুর্শিদ কুলি খান।<br>- তিনি ১৭২৭ সাল পর্যন্ত ক্ষমতায় ছিলেন।<br>- মুর্শিদ কুলি খান বাংলার প্রথম স্বাধীন নবাব।<br>- তিনি ঢাকা থেকে বাংলার রাজধানী মুর্শিদাবাদে স্থানান্তর করেন। |
|---|---|
| খ | |

**০২। কোন দেশে সমুদ্র বন্দর আছে?**
(ক) নেপাল (খ) ভুটান
(গ) আফগানিস্তান (ঘ) ইরান

| উত্তর | ব্যাখ্যা: এশিয়ার কয়েকটি সমুদ্র বন্দরহীন দেশ: **আফগানিস্তান**, আর্মেনিয়া, আজারবাইজান, **ভুটান**, তুর্কমেনিস্তান, কাজাখস্তান, কিরগিজস্তান, লাওস, মঙ্গোলিয়া, **নেপাল**, তাজিকিস্তান এবং উজবেকিস্তান। |
|---|---|
| ঘ | |

**০৩। কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়?**
(ক) ইরান (খ) মিশর

দীপশিখা | HSTU Question Bank

(গ) জর্ডান (ঘ) মালয়েশিয়া

| উত্তর | |
|---|---|
| গ | **ব্যাখ্যা:** D-8 (Developing Eight) হলো মুসলিম বিশ্বের ৮টি উন্নয়নশীল দেশের মধ্যে অর্থনৈতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার উদ্দেশ্যে গঠিত একটি জোট।<br>✓ গঠিত হয় - ১৫ জুন, ১৯৯৭ সালে।<br>✓ সদর ইস্তাম্বুল, তুরস্ক।<br>✓ D-8 এর সদস্য দেশগুলো হলো: তুরস্ক, পাকিস্তান, বাংলাদেশ, ইরান, মিশর, নাইজেরিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, আজারবাইজান।<br>✓ D-8 শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় - দুই বছর পর পর। |

**০৪। পদ্মা, যমুনা ও মেঘনা নদী কোথায় মিলিত হয়েছে?**

(ক) দৌলতদিয়া (খ) চাঁদপুর
(গ) বরিশাল (ঘ) ভোলা

| উত্তর | |
|---|---|
| খ | **ব্যাখ্যা:** পদ্মা নদী উৎপত্তিস্থল হতে ২২০০ কিলোমিটার দূরে গোয়ালন্দে যমুনা নদীর সাথে মিলিত হয়ে মিলিত প্রবাহ পদ্মা নামে আরও পূর্ব দিকে চাঁদপুর জেলায় মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। সর্বশেষে পদ্মা-মেঘনার মিলিত প্রবাহ মেঘনা নাম ধারণ করে দক্ষিণে বঙ্গোপসাগরের সাথে মিলিত হয়। |

**০৫। "Bail out" শব্দটি কার সাথে সম্পর্কিত?**

(ক) আইন (খ) ক্রিকেট
(গ) হরতাল (ঘ) অর্থনীতি

| উত্তর | |
|---|---|
| ঘ | **ব্যাখ্যা:** "Bail out" শব্দটি অর্থনীতি, আইন এবং অন্যান্য পরিস্থিতির সাথে সম্পর্কিত, তবে এটি মূলত অর্থনীতির সঙ্গে যুক্ত যেখানে একটি আর্থিক সংকটে থাকা প্রতিষ্ঠান বা দেশকে সাহায্য করা হয়। |

**০৬। বিশ্ব টেবিল টেনিস ট্রফির নাম কী?**

(ক) ফ্রেঞ্চ কাপ (খ) স্কটিশ কাপ
(গ) টমাস কাপ (ঘ) সোয়াথলিং কাপ

| উত্তর | |
|---|---|
| ঘ | **ব্যাখ্যা:** টেবিল টেনিস ২০ শতকের প্রথম দিকে ইংল্যান্ডে উদ্ভাবিত হয়েছিল। এটি চীনের জাতীয় খেলা। চীনে পিংপং (Ping Pong) নামে পরিচিত। বিশ্ব টেবিল টেনিস ট্রফির নাম সোয়াথলিং কাপ। |

**০৭। প্যারা অলিম্পিক কাদের জন্য আয়োজন করা হয়?**

(ক) মহিলা (খ) প্রতিবন্ধী
(গ) শিশু (ঘ) পৌঢ়

| উত্তর | |
|---|---|
| খ | **ব্যাখ্যা:** প্যারালিম্পিক গেমস হল আংশিক বা সম্পূর্ণ বিকলাঙ্গদের একটি আন্তর্জাতিক বহু-ক্রীড়া প্রতিযোগিতা। শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি, মানসিক দক্ষতা মোটকথা পঞ্চইন্দ্রিয়ের যেকোন এক বা একাধিক বিকল ইন্দ্রিয় বা বিকলাঙ্গ, প্রতিবন্ধী ক্রীড়াবিদরাই এই ক্রীড়া অনুষ্ঠানে অংশগ্রহণ করে থাকে। |

**০৮। বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগার কোথায় অবস্থিত?**

(ক) সায়দাবাদ, ঢাকা (খ) ডেমরা, ঢাকা
(গ) সদরঘাট, ঢাকা (ঘ) সাভার, ঢাকা

| উত্তর | |
|---|---|
| ক | **ব্যাখ্যা:** বাংলাদেশের বৃহত্তম পানি শোধনাগারটি ঢাকার সায়েদাবাদে অবস্থিত। এটি ২০০২ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। |

**০৯। বাংলাদেশের বিজ্ঞানীরা প্রথমবারের মত কোন প্রাণীর জীবন রহস্য উন্মোচন করেছেন?**

(ক) গরু (খ) মহিষ
(গ) ভেড়া (ঘ) দোয়েল পাখি

| উত্তর | |
|---|---|
| খ | **ব্যাখ্যা:** বাংলাদেশের বিজ্ঞানীরা প্রথমবারের মতো মহিষের জীবনরহস্য উন্মোচন করেছেন। ড. মনিরুজ্জামান-এর নেতৃত্বে একদল গবেষক মহিষের জিনগত নকশা উন্মোচন করতে সক্ষম হয়েছেন। |

**১০। বাংলাদেশ ও নেপাল কোন খাতে দ্বিপাক্ষিক সম্পর্ক জোড়দার করেছে?**

(ক) কৃষি (খ) খাদ্য
(গ) পর্যটন (ঘ) জলবিদ্যুৎ

| উত্তর | |
|---|---|
| ঘ | **ব্যাখ্যা:** বাংলাদেশ ও নেপাল জলবিদ্যুৎ খাতে দ্বিপাক্ষিক সম্পর্ক জোড়দার করেছে। |

**১১। কোন জেলার পূর্ব নাম ত্রিপুরা?**

(ক) নোয়াখালী (খ) ময়মনসিংহ
(গ) কুমিল্লা (ঘ) চট্টগ্রাম

| উত্তর | |
|---|---|
| গ | **ব্যাখ্যা:** কুমিল্লা জেলার পূর্ব নাম ছিল ত্রিপুরা। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর ১৯৬০ সালে এই জেলার নামকরণ করা হয় কুমিল্লা। |

**১২। টেস্টটিউব বেবী পদ্ধতির জনক কে?**

(ক) নাইজেল ম্যাকলিন (খ) ইগর কুজনেৎসব
(গ) রবার্ট জি এডওয়ার্ডস (ঘ) ইচিতা ওহারা

| উত্তর | |
|---|---|
| গ | **ব্যাখ্যা:** টেস্টটিউব বেবি পদ্ধতির জনক হলেন ব্রিটিশ বিজ্ঞানী রবার্ট এডওয়ার্ডস। তার গবেষণার ফলেই ১৯৭৮ সালে বিশ্বের প্রথম টেস্টটিউব শিশু লুইস ব্রাউন-এর জন্ম হয়। এই যুগান্তকারী অবদানের জন্য তিনি ২০১০ সালে চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছিলেন। |

**১৩। বাংলাদেশের মেট্রোরেলের প্রথম নারী চালক কে?**

(ক) মরিয়ম আফিজা (খ) সুমনা সুলতানা
(গ) রুবানা হক (ঘ) কানিজ ফাতেমা

| উত্তর | |
|---|---|
| ক | **ব্যাখ্যা:** মেট্রোরেলের প্রথম নারী চালক হিসেবে নিয়োগ পেয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে পাস করা মরিয়ম আফিজা। এ পদে ২৫ জনের সঙ্গে ২০২১ সালের ২ নভেম্বর নিয়োগ পেয়েছেন লক্ষ্মীপুরের মেয়ে মরিয়ম আফিজা। |

**১৪। বাংলাদেশে হাজং নৃ-গোষ্ঠীর বাস কোথায়?**

(ক) নেত্রকোনা (খ) সিলেট
(গ) বান্দরবান (ঘ) খাগড়াছড়ি

| উত্তর | |
|---|---|
| ক | **ব্যাখ্যা:**<br>✓ ময়মনসিংহ জেলার পর্বত সংলগ্ন ভূমিতে হাজংদের বসবাস। এদের কিছুসংখ্যক শেরপুর ও নেত্রকোনা অঞ্চলেও বাস করে।<br>✓ বাংলাদেশে বসবাসকারী হাজংদের প্রধান ভাষা বাংলা। তবে হাজংদের নিজস্ব ভাষা রয়েছে। হাজং ভাষার নিজস্ব কোনো বর্ণমালা নেই। হাজংরা ভাষার লিখিত রূপ দিতে অসমীয়া বর্ণমালা ব্যবহার করে।<br>✓ হাজংরা সনাতন ধর্মাবলম্বী।<br>✓ হাজং সমাজ পিতৃতান্ত্রিক। |

**১৫। ড. মুহাম্মদ ইউনুস কত সালে আমেরিকার সর্বোচ্চ কংগ্রেসম্যান গোল্ড মেডেল লাভ করেন?**

দীপশিখা HSTU Question Bank

(ক) ২০১০ (খ) ২০১১
(গ) ২০১২ (ঘ) ২০১৪

উত্তর: ক
ব্যাখ্যা: ড. মুহাম্মদ ইউনুস ২০১০ সালে আমেরিকার সর্বোচ্চ সম্মাননা 'কংগ্রেশনাল গোল্ড মেডেল' লাভ করেন। এই পুরস্কারটি বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচনে তার অবদানের জন্য দেওয়া হয়।

**১৬। ব্রিকসের বর্তমান সদস্য দেশ কতটি?**
(ক) ১০ (খ) ১২
(গ) ১৪ (ঘ) ১৬

উত্তর: ক
ব্যাখ্যা:
- ✓ এর পূর্বনাম: ব্রিক (BRIC)।
- ✓ এর কোনো সদরদপ্তর নেই।
- ✓ BRICS-এর পূর্ণ সদস্য রাষ্ট্রগুলো হচ্ছে: ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, সংযুক্ত আরব আমিরাত (টঅঊ), ইরান, মিশর, ইথিওপিয়া ও ইন্দোনেশিয়া।
- ✓ ১৭তম ব্রিকস শীর্ষ সম্মেলন ৬ থেকে ৭ জুলাই, ২০২৫ তারিখে ব্রাজিলের রিও ডি জেনিরোতে অনুষ্ঠিত হয়।
- ✓ ১৮তম ব্রিকস শীর্ষ সম্মেলন ২০২৬ সালে ভারতে অনুষ্ঠিত হবে।

**১৭। স্টারলিংক বাংলাদেশে পরীক্ষামূলকভাবে চালু হয় ২০২৫ সালের-**
(ক) ৭ এপ্রিল (খ) ৮ এপ্রিল
(গ) ৯ এপ্রিল (ঘ) ৯ মার্চ

উত্তর: গ
ব্যাখ্যা:
- ✓ দেশে স্টারলিংক ইন্টারনেটের পরীক্ষামূলক ব্যবহার শুরু হয় ৯ এপ্রিল, ২০২৫।
- ✓ বাংলাদেশ বিনিয়োগ সম্মেলনের ভেন্যু রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে পরীক্ষামূলকভাবে সেবা ব্যবহার করা হয়।
- ✓ ১৮ জুলাই, ২০২৫ বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে স্টারলিংক।

**১৮। বিশ্ব নারী দিবস কোন তারিখে পালিত হয়?**
(ক) ৮ মার্চ (খ) ৮ এপ্রিল
(গ) ৮ মে (ঘ) ৮ জুন

উত্তর: ক
ব্যাখ্যা: আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় ৮ মার্চ। ১৮৫৭ সালের এই দিনে যুক্তরাষ্ট্রের একটি সেলাই কারখানায় নারী শ্রমিকরা ভোটাধিকারসহ তাদের মর্যাদার সঙ্গে বেশ কিছু সুনির্দিষ্ট দাবিতে আন্দোলন করলে তারা পুলিশি নির্যাতনের শিকার হন। ১৯১০ সালে দ্বিতীয় আন্তর্জাতিক নারী সম্মেলনে দিনটিকে নারী দিবস হিসাবে পালনের প্রস্তাব করেন জার্মান নারী নেত্রী ক্লারা জেটকিন। ১৯১১ সালে প্রথম বেসরকারিভাবে বিভিন্ন দেশে দিনটিকে আন্তর্জাতিক নারী দিবস হিসাবে পালন করা হয়।

**১৯। কোন দেশে বাংলাদেশের স্মৃতিসৌধের প্রতিকৃতি স্থাপিত হয়েছে?**
(ক) জাপান (খ) চীন
(গ) অস্ট্রিয়া (ঘ) সিয়েরালিয়ন

উত্তর: ক
ব্যাখ্যা: বাংলাদেশের স্মৃতিসৌধের প্রতিকৃতি স্থাপিত হয়েছে জাপানে।

**২০। প্রাচীন বাংলার গৌড় জনপদের রাজধানী কোনটি?**
(ক) চন্দ্রদ্বীপ (খ) কটিবর্ষ
(গ) রোহিতগিরি (ঘ) কর্ণসুবর্ণ

উত্তর: ঘ
ব্যাখ্যা: ষষ্ঠ শতকে বাংলার উত্তর ও উত্তর-পশ্চিম অংশে গৌড় রাজ্য বলে একটি স্বাধীন রাজ্যের কথা জানা যায়। সপ্তম শতকে শশাঙ্ককে গৌড়রাজ বলা হতো। এ সময় গৌড়ের রাজধানী ছিল কর্ণসুবর্ণ। বর্তমান পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় ছিল এর অবস্থান।বাংলায় তুর্কি বিজয়ের কিছু আগে মালদহ জেলার লক্ষণাবতীকেও গৌড় বলা হতো।

**২১। কুমিল্লায় অবস্থিত BARD এর প্রতিষ্ঠাতা কে?**
(ক) আখতার হামিদ খান (খ) হামিদ খান ভাষানী
(গ) আইয়ুব খান (ঘ) ফজলুল হক

উত্তর: ক
ব্যাখ্যা: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি বা বার্ড, বাংলাদেশের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটি কুমিল্লা শহর থেকে ১০ কিলোমিটার পশ্চিমে কোটবাড়ীতে অবস্থিত। একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক হিসেবে নেতৃত্ব দেন ড. আখতার হামিদ খান।

**২২। মধ্যপ্রাচ্যের কোন দেশে সংবিধান বা সংসদ নাই?**
(ক) ইরাক (খ) ইরান
(গ) ওমান (ঘ) সৌদিআরব

উত্তর: ঘ
ব্যাখ্যা: সৌদি আরবে কোন সংবিধান বা সংসদ নেই। এটি রাজতান্ত্রিক পদ্ধতিতে পরিচালিত হয়। এছাড়া, আইনের ক্ষেত্রে ইসলামি আইনের অনুসরণ করা হয়।

**২৩। গ্রীনল্যান্ড এর মালিকানা কোন দেশের?**
(ক) সুইডেন (খ) নেদারল্যান্ড
(গ) ডেনমার্ক (ঘ) ইংল্যান্ড

উত্তর: গ
ব্যাখ্যা:
- ✓ গ্রিনল্যান্ড বিশ্বের সবচেয়ে বড় দ্বীপ, যা উত্তর আটলান্টিক মহাসাগরে অবস্থিত।
- ✓ অবস্থান: উত্তর আটলান্টিক মহাসাগরে।
- ✓ এটি ডেনমার্কের অন্তর্ভুক্ত, তবে নিজস্ব হোম-রুল সরকার অধিকাংশ অভ্যন্তরীণ বিষয় পরিচালনা করে।

**২৪। একুশে পদকের প্রবর্তক কে?**
(ক) রাষ্ট্রপতি জিয়াউর রহমান (খ) বেগম খালেদা জিয়া
(গ) রাষ্ট্রপতি সাহাবুদ্দিন (ঘ) বিচারপতি সাত্তার

উত্তর: ক
ব্যাখ্যা: একুশে পদক বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার। ১৯৭৬ সালে জিয়াউর রহমান একুশে পদক প্রবর্তন করেন। জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে এ পদক দেওয়া হয়।

**২৫। ফিফার প্রতিষ্ঠাকালীন সদস্য সংখ্যা কয়টি?**
(ক) ৭ (খ) ৮
(গ) ৯ (ঘ) ১০

উত্তর: ক
ব্যাখ্যা:
- ✓ FIFA এর পূর্ণরূপ- Federation of International Football Association.
- ✓ প্রতিষ্ঠা লাভ করে - ২১ মে, ১৯০৪ সালে।
- ✓ প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ - ৭টি।
- ✓ ফিফার বর্তমান সদস্য - ২১১টি।
- ✓ ফিফার উদ্যোগে প্রথম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় - ১৯৩০ সালে।
- ✓ বাংলাদেশ ১৯৭৬ সালে ফিফার সদস্যপদ লাভ করে।

দীপশিখা | HSTU Question Bank